# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজশাহী | 05 April, 2025

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারি সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান বলেছেন, নির্বাচন ব্যবস্থার আমুল সংস্কার ছাড়া নির্বাচন হলে চব্বিশের গণঅভ্যুত্থানের আকাঙ্খার বাস্তবায়ন হবেনা।সুতরাং প্রয়োজনীয় সংস্কার শেষ করেই নির্বাচন দিতে হবে।জামায়াতে ইসলামীর শত্রুদের হুশিয়ার করে দিয়ে তিনি বলেন, যারা জামায়াত-শিবিরের দিকে চোখ রাঙানোর চেষ্টা করছেন তারা সাবধান হয়ে যান।এই দেশ কারো বাপের কিম্বা কারো পারিবারিক সম্পত্তি নয়।এই দেশ ১৮ কোটি মানুষের।দেশের মানুষ যাকে চাইবে তারাই দেশ শাসন করবে।

শনিবার দুপুরে স্থানীয় শহীদ টিটু মিলনায়তনে বাংলাদেশ জামায়াতে ইসলামী বগুড়া জেলা শাখা আয়োজিত ইসলামী ছাত্রশিবিরের সাবেক কর্মি, সাথী ও সদস্যদের প্রীতি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বাংলাদেশ জামায়াতে ইসলামী বগুড়া জেলা শাখার আমির অধ্যক্ষ মাওলানা আব্দুল হক সরকারের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রিয় সহসভাপতি গোলাম রব্বানী, জামায়াতে ইসলামীর কেন্দ্রিয় নির্বাহী পরিষদের সদস্য অধ্যক্ষ শাহাবুদ্দিন, ইসলামী ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রিয় সভাপতি দেলোয়ার হোসেন সাঈদী ও আন্তর্জাতিক ছাত্র ও যুব ফেডারেশন (ইফসু)'র সেক্রেটারি জেনারেল ড. মোস্তফা ফয়সাল পারভেজ।আমন্ত্রিত অতিথি ছিলেন জামায়াতে ইসলামী বগুড়া অঞ্চলের টীম সদস্য মাওলানা আব্দুর রহীম ও অধ্যাপক নজরুল ইসলাম।এছাড়া জেলা ও শহর জামায়াত-শিবিরের বিভিন্ন পর্যায়ের বর্তমান ও সাবেক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

রফিকুল ইসলাম খান বলেন, ইসলামী ছাত্রশিবির প্রতিষ্ঠা লগ্ন থেকে সৎ, যোগ্য, দূর্নীতিমুক্ত নেতৃত্ব তৈরি করছে।শিবিরের তৈরি এই নেতৃত্বই একদিন জাতিকে দূর্নীতি, চাঁদাবাজী মুক্ত, মানবিক, কল্যাণময় বাংলাদেশ উপহার দিবে।যারা সংস্কারের বিরোধীতা করে দ্রুত নির্বাচনের তাড়া দিচ্ছেন তাদের সমালোচনা করে তিনি বলেন, যারা সংস্কার না করেই নির্বাচন দাবী করছেন তারা মূলত: শেখ হাসিনার দু:শাসনকেই ফিরিয়ে আনতে চান।যারা তাদের নেত্রীর বাড়ীর সামনে থেকে বালুর ট্রাক সরাতে রাস্তায় নামার সাহস পায়নি তারা আজ চব্বিশের গণঅভ্যুত্থানের শহীদদের রক্তের সাথে বেঈমানী করছেন।

তিনি বলেন, সরকারের ভেতরে-বাইরে এখনো ফ্যাসিবাদের দোসররা সক্রিয় রয়েছে।পলাতক নেত্রীর কথায় অনেকেই উঁকি-ঝুঁকি মারছেন।যতই উঁকি-ঝুঁকি মারেন লাভ নাই।যত উঁকি-ঝুঁকি মারবেন বিপদ ততই বাড়বে।গণহত্যাকারী শেখ হাসিনা ও তার দোসররা কেবলমাত্র ফাঁসির আসামী হিসাবেই দেশে ফিরবেন।যারা জামায়াতের নিরপরাধ শীর্ষ নেতাদের হত্যা করেছে, তাদের বিচার বাংলাদেশের মাটিতেই হবে।

রফিকুল ইসলাম খান বলেন, ইসলামী ছাত্রশিবির দেশের ছাত্র ও যুবসমাজকে সঠিক পথের সন্ধান দিয়েছে।আগামী দিনে দেশ ও জাতির পরিবর্তনের নেতৃত্বও শিবিরকেই দিতে হবে। শিবিরের নেতৃত্বেই দেশে কাংখিত ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।অনুষ্ঠানে বক্তব্যের পর্ব শেষে একটি বিশাল র‍্যালী শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিন করে।র‍্যালীতে ছাত্রশিবিরের দুই হাজারেরও অধিক সাবেক নেতাকর্মি অংশগ্রহন করেন।পরে দেশের সুনামধন্য শিল্পীদের অংশগ্রহনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

নির্বাচন বাংলাদেশ জামায়াতে ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:21

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/775807322